

# প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

ইতেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ২৬ আগস্ট ২০২৫, ১৬:৩৯



ফাইল ছবি

রাজধানীর সরকারি সাত কলেজ নিয়ে প্রত্নাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির (ডিসিইউ) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আন্তর্গ্রাম্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

মঙ্গলবার (২৬ আগস্ট) ইউনিভার্সিটির প্রশাসক ও ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক এ কে এম ইলিয়াসের সহ করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

পরীক্ষার্থীরা এই <https://dcuadmission.org/> ওয়েবসাইটে প্রবেশ করে ফলাফল দেখতে পাবেন। মেধাতালিকায় স্থান পাওয়াদের আগামী ১৫ সেপ্টেম্বর থেকে সাবজেক্ট চয়েজ ও কলেজ চয়েজ কার্যক্রম শুরু হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রকাশিত ফলাফলে কোনো প্রকার অসঙ্গতি বা ভুলগ্রন্তি পরিলক্ষিত হলে তা সংশোধন অথবা ফলাফল সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

গত ২২ ও ২৩ আগস্ট তিনি শিফটে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির তিনি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। তিনি ইউনিটে ১১ হাজার ১৫০টি আসনের বিপরীতে এবার আবেদন করেন ৭২ হাজার শিক্ষার্থী।